সংশোধিত


**বাংলাদেশ কৃষি ব্যাংক**
**প্রধান কার্যালয়, কৃষিব্যাংক ভবন**
**৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা**
**ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ**

**মানিলন্ডারিং প্রতিরোধ সেল**
dcamlco@krishibank.org.bd
ফোন: ০২-৪৭১২০৫১৩


প্রকা/আরএমডি(এএমএল)-৩০/ষান্মাসিক/২০২২-২০২৩/৩১৫৫ তারিখঃ ০১/০১/২০২৩ ইং

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
০৩। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক (বিভাগীয় মহাব্যবস্থাপকের মাধ্যমে)
০৫। সকল ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে ব্যাংকের গৃহীত পদক্ষেপ, এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ও সুপারিশ সম্বলিত ষান্মাসিক (জুলাই- ডিসেম্বর, ২০২২) প্রতিবেদন বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক এ প্রেরণ প্রসংগে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয় এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বিএফআইইউ সার্কুলার নং-২৬ তারিখ ১৬-০৬-২০২০ (যা অত্র বিভাগের ২১-০৭-২০২০ তারিখের ১৪০(১২৫০) নং পত্রের মাধ্যমে জারী করা হয়েছে) এর নির্দেশনার প্রেক্ষিতে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে ব্যাংকের গৃহীত পদক্ষেপ এবং এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ও সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রতি ষান্মাসিকে (জানুয়ারি-জুন এবং জুলাই-ডিসেম্বর) ব্যাংকের পরিচালনা পর্ষদকে অবহিতকরণ পূর্বক বিএফআইইউ-এ প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে।

০৩। এমতাবস্থায় অদ্য ষান্মাসিকে (জুলাই-ডিসেম্বর, ২০২২) ব্যাংকের পরিচালনা পর্ষদকে অবহিত করার জন্য বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রেরিত ছক মোতাবেক ৩১-১২-২০২২ ইং ভিত্তিক চাহিত তথ্যাদি নিম্নোক্তভাবে প্রেরণের অনুরোধ করা হলো-

**ক) সংযুক্ত ছক-ক মোতাবেক চাহিত তথ্যাদি বিভাগীয় কার্যালয়সমূহ মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়সমূহ হতে সংগ্রহপূর্বক আবশ্যিকভাবে আগামী ১৫/০১/২০২৩ ইং তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং প্রতিরোধ সেল, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।**

**খ) সংযুক্ত ছক-খ মোতাবেক চাহিত তথ্যাদি বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ হতে সংগ্রহপূর্বক আবশ্যিকভাবে আগামী ১০/০১/২০২৩ ইং প্রধান কার্যালয় এর নিরীক্ষা বিভাগে প্রেরণ করবে।**

০৪। উল্লেখ্য, প্রেরিত ছক সমূহে শাখা সংশ্লিষ্ট সকল তথ্যাদি আবশ্যিকভাবে পূরণ করতে হবে। কোন অবস্থাতেই তথ্য থাকা সত্ত্বেও কোন ঘর খালি রাখা যাবেনা। প্রদত্ত নির্দেশনা পরিপালনের ব্যর্থতার দায় বা বাংলাদেশ ব্যাংক কর্তৃক আরোপিত যে কোন জরিমানার দায় সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

০৫। উল্লেখিত বিষয় সংক্রান্ত যে কোন জরুরী প্রয়োজনে মানিলন্ডারিং প্রতিরোধ সেল, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ এর উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব জান্নাতআরা ফেরদৌস (মোবাইল নং-০১৭২১৩২৯৪৪৬) এবং কর্মকর্তা জনাব হামিদা সিদ্দীকা (মোবাইল নং-০১৭৭২৭৬৩৬৬২) এর সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

01.01.2023
(আঃ সঃ মঃ বাবর)
উপমহাব্যবস্থাপক
ও
উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

প্রকা/আরএমডি(এএমএল)-৩০/ষান্মাসিক/২০২২-২০২৩/৩১৫৫ তারিখঃ ০১/০১/২০২৩ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ ও CAMLCO মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-২ ও উপব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল উপমহাব্যবস্থাপক/ সচিব বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উক্ত পত্রটি বিকেবির অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। নথি/মহানথি।